

২৬ ডিসেম্বর এইচএসসির পুনর্নিরীক্ষার ফল

অনলাইন ডেক্স

প্রকাশিত: ১১:৪৬, ১৯ ডিসেম্বর ২০২৩; আপডেট: ১১:৪৬, ১৯ ডিসেম্বর ২০২৩



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

চলতি বছরের ২৬ ডিসেম্বর এইচএসসি ও সমমান পরীক্ষার খাতা পুনর্নিরীক্ষার ফলাফল প্রকাশ করা হবে।

UNIBOTS

আন্তঃশিক্ষাবোর্ড সমন্বয় কমিটি সূত্র জানিয়েছে। এর আগে নিরীক্ষণের আবেদন প্রক্রিয়া শেষ হয়েছে গত ৩ ডিসেম্বর। এরপর যাচাই-বাছাই ও সমন্বয়ের কাজ শুরু করে বোর্ডগুলো।

আন্তঃশিক্ষাবোর্ড সমন্বয় কমিটির সভাপতি ও ঢাকা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক তপন কুমার সরকার মঙ্গলবার (১৯ ডিসেম্বর) বলেছেন, আগামী ২৬ ডিসেম্বর নিরীক্ষণের ফল প্রকাশ করা হবে। এক মাসের মধ্যে এ ফল প্রকাশের নিয়ম রয়েছে। সেভাবে প্রস্তুতি নেওয়া হচ্ছে।

গত ২৭ নভেম্বর ফল নিরীক্ষণের আবেদন প্রক্রিয়া শুরু হয়। মোবাইল ফোনের এসএমএসের মাধ্যমে আবেদন করেছেন শিক্ষার্থীরা। এবার প্রতিটি বিষয় ও পত্রের জন্য ১৫০ টাকা ফি নেওয়া হয়েছে। যেসব বিষয়ের দুটি পত্র (প্রথম ও দ্বিতীয়) রয়েছে, সেসব বিষয়ের আবেদনে ৩০০ টাকা গুনতে হয়েছে শিক্ষার্থীদের।

জানা গেছে, চলতি বছর এসএসসি ও সমমানের পরীক্ষার ফল নিরীক্ষণের আবেদন বেড়েছে প্রায় তিন গুণ। শুধু টাকা শিক্ষা বোর্ডের প্রায় এক লাখ পরীক্ষার্থী দুই লাখ ৭১ হাজারের বেশি খাতা নিরীক্ষণের আবেদন করেছে বলে জানা গেছে। বোর্ডটির পরীক্ষার্থী ছিল তিন লাখ ১৫ হাজার বেশি। গত বছর ৩১ হাজার পরীক্ষার্থী এক লাখ চার হাজারের বেশি খাতা নিরীক্ষণের আবেদন করে।

গত ২৬ নভেম্বর এইচএসসি ও সমমান পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়। ১১টি শিক্ষাবোর্ডে পাসের হার ৭৮ দশমিক ৬৪ শতাংশ। এবার পরীক্ষায় অংশ নেন ১৩ লাখ ৫৯ হাজার ৩৪২ জন শিক্ষার্থী। পাস করেছেন ১০ লাখ ৬৭ হাজার ৮৫২ জন।